তারকা ক্রিকেটার ছাড়াই শুরু এবারের জাতীয় ক্রিকেট লিগ

ভারতের মাটিতে চলছে বিশ্বকাপের ১৩তম আসর। এরই মধ্যে দেশের মাটিতে শুরু হয়েছে জাতীয় ক্রিকেট লিগ (এনসিএল)। এবারের লিগে বড় নাম বিশ্বকাপ দল থেকে ছিটকে পড়া মোহাম্মদ নাঈম শেখ, আফিফ হোসেন ও শামীম পাটোয়ারীরা।

বৃহস্পতিবার (১২ অক্টোবর) ঢাকা, সিলেট, চট্টগ্রাম ও রাজশাহীর মাঠে দুই স্তরের চারটি ম্যাচ দিয়ে সেই সঙ্গে শুরু হয়েছে। দুই স্তরের জাতীয় লিগের এটাই শেষ আসর। আগামী বছর থেকে আবার এক স্তরে ফিরবে চারদিনের ম্যাচের এই আসর।

প্রথম রাউন্ডে মিরপুরে লড়ছে ঢাকা-রংপুর। সিলেটে লড়ছে সিলেট-ঢাকা মেট্রো। চট্টগ্রামে লড়ছে চট্টগ্রাম-বরিশাল। রাজশাহীতে লড়ছে রাজশাহী-খুলনা।

এই চার মাঠেই ১৯ অক্টোবর দ্বিতীয় রাউন্ড। ২৬ অক্টোবর তৃতীয় রাউন্ড। ২ নভেম্বর চতুর্থ রাউন্ড। ৯ নভেম্বর পঞ্চম রাউন্ড। ও ১৬ নভেম্বর ষষ্ঠ রাউন্ড হবে।

সূত্র: ইত্তেফাক

এএফসি কাপ খেলতে মালদ্বীপে ফুটবলাররা

এই মালদ্বীপে এএফসি কাপ ফুটবলে খেলতে গিয়েছিল বসুন্ধরা কিংস। মালদ্বীপের মাজিয়া স্পোর্টসের বিপক্ষে ম্যাচ খেলে ঢাকায় ফেরার বিমানে ওঠার আগে মালদ্বীপের বিমানবন্দর থেকে শতাধিক বোতল বিদেশি মদ কিনেছিলেন কিছু ফুটবলার। ঢাকায় নেমে কাস্টমস কর্তৃপক্ষের কাছে মদসহ ধরা পড়েন পাঁচ ফুটবলার। গত ২০ সেপ্টেম্বর রাতে ঘটেছে এই ঘটনা। ঠিক ২০ দিনের মাথায় আবার সেই মালদ্বীপে বাংলাদেশের

ফুটবলাররা। সেবার ক্লাব ফুটবল খেলতে গিয়েছিল। এবার জাতীয় দলের খেলা খেলতে গিয়েছে।

বিশ্বকাপ বাছাইয়ের প্রথম ম্যাচ খেলতে বাংলাদেশ ফুটবল দল গতকাল দুপুরে মালদ্বীপে পৌঁছে গেছে। মালদ্বীপের বিপক্ষে হোম অ্যান্ড অ্যাওয়ে ম্যাচ। প্রথম ম্যাচ আগামীকাল বিকাল ৪টায়, মালেতে। মালদ্বীপের বিপক্ষে ফিরতি ম্যাচ ১৭ অক্টোবর ঢাকায়। তবে মালদ্বীপের বিপক্ষে কালকের ম্যাচটা দেশের ফুটবলে অনেক কিছু নির্ভর করছে। একটা ম্যাচ হলেও মালদ্বীপের বিপক্ষে ঢাকার ম্যাচসহ হিসাব হবে।

বাংলাদেশ এগিয়ে থাকলে গ্রুপ পর্বে খেলার যোগ্যতা অর্জন করবে, যেখানে গ্রুপে রয়েছে লেবানন, ফিলিস্তিন এবং অস্ট্রেলিয়া। সেই হিসেবে মালদ্বীপের বিপক্ষে ম্যাচটা বাংলাদেশের ফুটবলের জন্য মহাগুরুত্বপূর্ণ। দুই বার খেলে সমীকরণ বলে দেবে আগামী দুই তিন বছর বাংলাদেশের ফুটবল কোন পথে যাবে। আরও পরিষ্কার করতে গেলে আন্তর্জাতিক ফুটবল থেকে দূরে থাকতে হবে। ফিফার ম্যাচ আর পাবে না। এশিয়ান কাপের বাছাই থাকবে, সেটিও যে খুব বেশি ম্যাচ খেলার সুযোগ পাবে তা-ও বলা যাচ্ছে না।

বাংলাদেশ ফুটবল দল ওসব ভাবনায় না গিয়ে আগামীকাল মালদ্বীপের বিপক্ষে কীভাবে জয় পাবে সেটা মাথায় ঢুকিয়েছে। কালকের ম্যাচটা যে ঢাকার হোম ম্যাচের সমীকরণ পরিষ্কার করবে। বাংলাদেশের জন্য এই ম্যাচ যেমন গুরুত্বপূর্ণ তেমনি মালদ্বীপের জন্যও তাই।

আগের মতো শক্তিশালী দল নিয়ে যায়নি স্প্যানিশ কোচ হ্যাভিয়ের কাবরেরা। মদকাণ্ডে বিতর্কিত ফুটবলার তপু বর্মন, গোলরক্ষক আনিসুর রহমান জিকো, শেখ মোরসালিনকে জাতীয় দল থেকে বাদ দেওয়া হয়েছে। নতুন ফুটবলার শাকিল আহমেদ, হাসান মুরাদ এবং জায়েদ আহমেদ চূড়ান্ত দলে সুযোগ পেয়েছেন। তাদের জন্য সুযোগ। প্রাথমিক তালিকা থেকে বাদ পড়েছেন সাজ্জাদ হোসেন, আলমগীর মোল্লা, দিপক রায়, আরমান ফয়সাল আকাশ, আমিনুর রহমান সজিব। গতকাল দুপুরে মালদ্বীপের মালেতে পৌঁছেছেন ফুটবলাররা। সন্ধ্যার পর অনুশীলনে চলে যান।

বাংলাদেশের চূড়ান্ত দল

মিতুন মারমা, পাপ্পু হোসেন, ইসা ফয়সাল, শাকিল হোসেন, হাসান মুরাদ, রহমত মিয়া, হৃদয়, রবিউল হাসান, ফয়সাল আহমেদ ফাহিম, সুমন রেজা, মেহেদী হাসান শ্রাবণ, বিশ্বনাথ ঘোষ, তারিক রহমান কাজী,

সাদ উদ্দিন, জামাল ভূঁইয়া, সোহেল রানা, সোহেল রানা, মজিবর রহমান জনি, রাকিব হোসেন, মতিন মিয়া, জায়েদ আহমেদ, রফিকুল ইসলাম ও মোহাম্মদ ইব্রাহিম।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরের হিজুলিতে গেমস খেলার দ্বন্দে স্কুল ছাত্রকে কুপিয়ে জখম

পূর্ব বিরোধের জের ধরে শাহিন হোসেন নামের আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় দশম শ্রেণীর এক শিক্ষার্থীর উপর হামলা করে কুপিয়ে যখম করেছে প্রতিপক্ষরা। আহত শাহিন হোসেন আমঝুপি ইউনিয়নের হিজুলি গ্রামের মালিক হোসেনের ছেলে।

অভিযুক্ত হামলাকারীরা হল একই গ্রামের মহিরের ছেলে আব্দুল্লাহ (২২), আলমগীরের ছেলে ইয়াসিন (২০) এবং ওয়াসিম (২৫)

গতকাল মঙ্গলবার দুপুর দুইটার সময় হিজুলি গ্রামের মসজিদের সামনে এই ঘটনা ঘটে। মোবাইলে ফ্রী ফায়ার গেমস খেলা নিয়ে কয়েক মাস আগে দ্বন্দ্বের সূত্রপাত হয়েছিল বলে জানা গেছে। গতকাল মঙ্গলবার দশম শ্রেণীর নির্বাচনী পরীক্ষার অর্থনীতি বিষয়ে পরীক্ষা দিয়ে বাড়ি ফেরার পথে হিজুলি মসজিদের সামনে অভিযুক্তরা শাহিনের মোটরসাইকেলের গতিরোধ করে ধারালো অস্ত্র দিয়ে তার মাথায় আঘাত করে। ইতোপূর্বে আব্দুল্লাহ ও তার চাচা লালটু একবার শাহিনের উপর হামলা করেছিল বলে শাহিনের পরিবার ও এলাকাবাসীর সূত্রে জানা গেছে।

হিজুলি গ্রামের মেম্বার আব্দুল্লাহ বলেন, ‘শাহীন ও আব্দুল্লাহর মধ্যে পূর্ব থেকে শত্রুতা ছিল লোকমুখে শুনেছি, তবে এ ব্যাপার নিয়ে কোন পক্ষই আমার সাথে কথা বলেনি, আগেও একবার মারামারির ঘটনা ঘটেছিল, আজকে আমি এলাকার বাইরে ছিলাম।সন্ধ্যায় বাড়িতে আসার পর ঘটনাটি লোকমুখে জানতে পারি। ‘

শাহিন হোসেন তার বাবা, বড় ভাই ও চাচাকে সঙ্গে নিয়ে মেহেরপুর প্রতিদিন অফিসে এসে অভিযোগ করে মেহেরপুর জেনারেল হাসপাতালের বহির্বিভাগে চিকিৎসা নেয়ার পর হাসপাতাল থেকে টিকিটে পুলিশ কেস লিখে দেয়া হলেও থানায় গেলে মেহেরপুর সদর থানা পুলিশ কোন অভিযোগ নেয়নি।

বিষয়টি সম্পর্কে জানতে মেহেররপুর সদর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলামের সাথে ফোনে যোগাযোগের চেষ্টা করে ব্যার্থ হয়ে প্রতিবেদক স্বশরীরে থানায় গিয়ে জানতে পারে তিনি আমঝুপিতে ঘটনাস্থলে গেছেন। ঘটনার সত্যতা জানতে শেষ রিপোর্ট লেখা পর্যন্ত কোনভাবেই মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ এর বক্তব্য নেয়া সম্ভব হয়নি।

টাইগারদের উড়িয়ে দেওয়ার হুমকি ইংলিশ অলরাউন্ডারের

আফগানিস্তানকে দাপটের সঙ্গে হারিয়ে গত পরশু শনিবার ৬ উইকেটের বড় জয় নিয়ে এবারের বিশ্বকাপ মিশন শুরু করেছে বাংলাদেশ। আর এ জয়ে গেল কয়েক দিন ধরে চলা তর্কবিতর্ক ভালোভাবেই চাপা দিয়েছেন টাইগাররা। বেড়েছে আত্মবিশ্বাসও। তবে এবার আরো ভালো ক্রিকেট খেলতে হবে টাইগারদের। কারণ আসরে সাকিবদের দ্বিতীয় ম্যাচের প্রতিপক্ষ গত আসরের চ্যাম্পিয়ন দল ইংল্যান্ড। যারা কিনা বাংলাদেশের বিপক্ষের ম্যাচকে টার্গেট করেই অপেক্ষা করছে আসরে লড়াইয়ে ফেরার। এমনটি হুঁশিয়ারি দিয়ে রেখেছে ইংলিশ অলরাউন্ডার লিয়াম লিভিংস্টোন।

এবারের আসরের প্রথম ম্যাচে মুখোমুখি হয়েছিল গত আসরের দুই ফাইনালিস্ট দল নিউজিল্যান্ড ও ইংল্যান্ড। ঐ ম্যাচে ইংলিশরা পাত্তাই পায়নি কিউইদের সামনে। প্রথমে ব্ল্যাকক্যাপসের বোলারদের দাপট পরে ব্যাটারদের তাণ্ডব। সব মিলিয়ে আসরের শুরুতেই ৯ উইকেটের বড় ব্যবধানে পরাজয়ের তিক্ত স্বাদ গ্রহণ করতে হয় গেল আসরের চ্যাম্পিয়নদের। যেখানে আসর শুরুর আগে সেরা চারের জন্য ফেভারিট তো বটেই এবারও জিততে পারে বিশ্বকাপ বাটলারদের নিয়ে এমন বাজি

ধরেছেন অনেকে।

তবে আর পিছনে ফিরে তাকাতে চাইছে না ইংল্যান্ড। এবার তাদের পুরো ফোকাস ১০ অক্টোবর ধর্মশালার ম্যাচের দিকে। এ ম্যাচে বাংলাদেশকে হারিয়ে বিশ্বকাপ লড়াইয়ে ফিরতে চান বাটলাররা। শুধু তাই নয় এই খেলা মাঠে গড়ানোর আগে রীতিমতো বাংলাদেশকে উড়িয়ে দেওয়ার খানিকটা হুমকিও দিয়েছেন ইংলিশ অলরাউন্ডার লিভিংস্টোন। জানান, আগের ম্যাচের থেকে দ্বিগুণ আক্রমণাত্মক ক্রিকেট খেলতে চান তারা। বলেন, ‘একটা ম্যাচ দিয়ে একটা টুর্নামেন্ট বিবেচনা করা যাবে না। আমাদের এই দলটার একটা বিষয় খুব ভালো যে যখন আমরা কোনো ম্যাচ হেরে যাই তখন আমরা আরো বেশি আক্রমণাত্মক হয়ে যাই। মঙ্গলবারে (বাংলাদেশের বিপক্ষে ম্যাচে) আমাদের এমনটা করার সুযোগ আছে। কন্ডিশনের কারণে বল খুব ভালো উড়ে। আপনি দেখলে এটা বুঝতে পারবেন। বাউন্ডারি মারতে এটি আপনাকে আরো বেশি আত্মবিশ্বাসী করে তুলবে। সেখানে বাউন্ডারি এতটা বড় নয়। সেই সঙ্গে আমাদের লাইন আপে যে শক্তি আছে তাতে এটা আমাদের জন্য আরো ভালো হবে।’

ইংল্যান্ড দলের বেশ কিছু খেলোয়াড় রয়েছে যারা নিয়মিত খেলেন ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে (আইপিএল)। সেই সুবাধে ভারতের সব মাঠেই তাদের কম বেশি খেলার অভিজ্ঞতা রয়েছে। তেমনি ধর্মশালায় ঝোড়ো ইনিংস খেলার অভিজ্ঞতা রয়েছে ইংলিশ এই অলরাউন্ডারেরও। চলতি বছরের গেল মে মাসে দিল্লি ক্যাপিটালসের বিপক্ষে মাত্র ৪৮ বলে ৯৪ রানের ইনিংস খেলেছিলেন লিভিংস্টোন। এছাড়া শুধু তিনি নয় তার সঙ্গে এই মাঠে ঐ ম্যাচে দারুণ বোলিং করেছিলেন ইংলিশ বোলার স্যাম কারানও। আর এই দুই ক্রিকেটারকেই দেখা যাবে বাংলাদেশের বিপক্ষে মাঠে নামতে। সেগুলোই জয় পাওয়ার আত্মবিশ্বাস দিচ্ছে ইংলিশদের। এ প্রসঙ্গে লিভিংস্টোন বলেন, ‘আমি, স্যামি (স্যাম কারান) এবং জস (বাটলার) সবাই এখানে খেলেছি। যা হয়ত আমাদের সহায়তা করবে। ঐ মাঠে আমাদের ভালো স্মৃতি আছে এবং আশা করি, আমি এ ম্যাচে (বাংলাদেশের বিপক্ষে) সেটার পুনরাবৃত্তি ঘটাতে পারব।’

আফগানদের হারিয়ে সুখবর পেলো বাংলাদেশ

বিশ্বকাপে নিজেদের প্রথম ম্যাচে আফগানিস্তানের বিপক্ষে জিতে সুখবর পেল বাংলাদেশ। ধর্মশালার আফগানিস্তানের বিপক্ষে ৬ উইকেটে জয় পেয়েছে বাংলাদেশ। অপরদিকে, শ্রীলঙ্কা বিশ্বকাপে নিজেদের প্রথম ম্যাচে হেরেছে। ফলে লঙ্কানদের পেছনে ফেলে আবারও সাত নম্বরে উঠেছে বাংলাদেশ।

রোববার (৮ অক্টোবর) প্রকাশিত আইসিসি ওয়ানডে র্যাংকিংয়ে বাংলাদেশের রেটিং পয়েন্ট ৯৩। অন্যদিকে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে হেরে বিশ্বকাপ শুরু করা লঙ্কানদের রেটিং পয়েন্ট এখন ৯১।

ওয়ানডে র্যাংকিংয়ে শীর্ষে থেকে বিশ্বকাপ শুরু করেছে ভারত। র্যাংকিংয়ে দুইয়ে আছে পাকিস্তান। তাদের রেটিং পয়েন্ট ১১৫।

পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন অস্ট্রেলিয়া ১১২ রেটিং পয়েন্ট নিয়ে তিনে আছে। ১০৮ পয়েন্ট নিয়ে চারে আছে দক্ষিণ আফ্রিকা। আর ১০৪ পয়েন্ট নিয়ে পাঁচে আছে নিউজিল্যান্ড।

সূত্র: ইত্তেফাক

দাপুটে জয়ে বিশ্বকাপ শুরু বাংলাদেশের

বিশ্বকাপ শুরুর আগে মাঠের বাইরের খবরে উত্তপ্ত ছিল দেশের ক্রিকেট অঙ্গন। সেই প্রভাব বিশ্বকাপ দলেও পড়বে বলে ধারণা করেছিল অনেকে। তবে বিশ্বকাপে নিজেদের প্রথম ম্যাচে তা কিছুই চোখে পড়েনি। দাপুটে জয়ে বিশ্বকাপ মিশন শুরু করলো বাংলাদেশ।

বিশ্বকাপে নিজেদের প্রথম ম্যাচে আফগানিস্তানকে ৬ উইকেটে হারিয়েছে সাকিব আল হাসানের দল। এই দলকে নেতৃত্ব দিয়েছেন সামনে থেকে। বল

হাতে নিয়েছে মূল্যবান তিনটি উইকেট। শনিবার (৭ অক্টোবর) ধর্মশালায় জিতে আফগানদের ব্যাটিংয়ে পাঠায় বাংলাদেশ।



ব্যাট করতে নেমে ভালো শুরু করলেও টাইগারদের দাপুটে বোলিংয়ে মাত্র ১৫৭ রানে অলআউট হয় আফগানরা। দলের পক্ষে সর্বোচ্চ ৪৭ রান করেন রহমানুল্লাহ গুরবাজ। সাকিব ও মিরাজ নেন ৩টি করে উইকেট।

১৫৭ রানের টার্গেটে ব্যাট করতে নেমে ভালো শুরুর আভাস দেন দুই ওপেনার তানজিদ হাসান তামিম ও লিটন দাস। তবে দলীয় ১৯ রানে ১৩ বলে ৫ রান করে রান আউটে কাটা পড়েন তামিম।

এরপর দলীয় ২৭ রানে ফজলহক ফারুকির বলে বোল্ড হয়ে সাজঘরে ফিরে যান লিটন। তার বিদায়ের পর নাজমুল হোসেন শান্ত ও মেহেদি হাসান মিরাজ মিলে হাল ধরেন। দেখেশুনে ব্যাট করতে থাকেন এই দুই ব্যাটার।

সাবলীল ব্যাটিংয়ে ৫৮ বলে ফিফটি তুলে নেন মিরাজ। ৯৭ রানের জুটি গড়েন মিরাজ-শান্ত। এরপর দলীয় ১২৪ রানে ৭৩ বলে ৫৮ রান করে আউট হন মিরাজ।

এরপর ক্রিজে আসেন সাকিব আল হাসান। তবে সুবিধা করতে পারেননি তিনি। ১৯ বলে ১৪ রান করে সাজঘরে ফিরে যান। এরপর মুশফিকুর রহিমকে সঙ্গে নিয়ে ৯২ বলে হাতে রেখে দলের জয় নিশ্চিত করেন শান্ত। মুশফিক ৩ বলে ২ ও শান্ত ৮৩ বলে ৫৯ রানে অপরাজিত থাকেন।

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]

পন্টিং-লারাকে ছাড়িয়ে যাওয়ার সুযোগ সাকিবের সামনে

পর্দা উঠেছে ওয়ানডে বিশ্বকাপের ১৩তম আসরের। শনিবার (৭ অক্টোবর) আফগানিস্তানের বিপক্ষে ম্যাচ দিয়ে বিশ্বকাপ মিশন শুরু করবে বাংলাদেশ। পঞ্চমবারের মত বিশ্বকাপের মত বড় মঞ্চে খেলবেন বাংলাদেশের অধিনায়ক সাকিব আল হাসান। এই বিশ্বকাপে ব্যক্তিগত রানে কিংবদন্তি রিকি পন্টিংও ব্রায়ান লারাকে টপকানোর বড় সুযোগ বাংলাদেশ অধিনায়কের সামনে।

গত চার বিশ্বকাপ খেলে ১১৪৬ রান করেছেন সাকিব। বিশ্বকাপে ব্যক্তিগত সর্বোচ্চ রান সংগ্রহের তালিকায় ৯ম স্থানে রয়েছে তিনি। তার থেকে দুই রান বেশি করে ৮ নম্বরে রয়েছেন জ্যাক ক্যালিস। ১১৬৫ রান করে ৭ নম্বরে রয়েছেন সনাৎ জয়সুরিয়া। ৬ নম্বরে রয়েছেন ক্রিস গেইল ১১৮৬ রান করে। তিন জন ব্যাটারকে টপকাতে সাকিবের প্রয়োজন ৪১ রান।

এই তালিকার ৫ নম্বরে রয়েছেন এবি ডি ভিলিয়ার্স। তিনি করেছেন ১২০৭ রান। ৪ নম্বরে রয়েছেন ব্রায়ান লারা। তিনি করেছেন ১২২৫ রান। তালিকার তিন নম্বরে অবস্থান কুমার সাঙ্গাকারার। তিনি ১৫৩২ করেছেন রান। এছাড়াও দুই নম্বরে রয়েছেন রিকি পন্টিং। তিনি করেছেন ১৭৪৩ রান। এবং তালিকার প্রথমে রয়েছেন শচীন টেন্ডুলকার। তিনি করেছেন ২২৭৮ রান করে।

শচীনকে টপকানো এক প্রকার অসম্ভবই বলা যায়। তবে তালিকায় দুই নাম্বারে অবস্থান করার দারুণ সুযোগ রয়েছে সাকিবের। তাকে সংগ্রহ করতে হবে ৫৯৭ রান।

সূত্র: ইত্তেফাক

বিশ্বকাপ আয়োজনে সোদি আরবকে সমর্থন বাংলাদেশের

এশিয়ান দেশ সৌদি আরব বিশ্বকাপ আয়োজনে অনেকটা সময় ধরেই আগ্রহ প্রকাশ করছিল। তবে ২০৩৪ সালে এই সুযোগ পাচ্ছে সৌদি আরব। ২০৩০ বিশ্বকাপ আয়োজনের জন্য নিয়ম বেঁধে দেওয়াই বিড থেকে সরে আসে তারা। ফিফা সভাপতির দেওয়া ঘোষণা অনুযায়ী, বিশ্বকাপের শততম বছরে আয়োজক হবে মোট ছয়টি দেশ।

নিয়ম অনুযায়ী, ২০৩৪ সালের বিশ্বকাপ এশিয়া-ওশেনিয়া অঞ্চলে হবে। সুযোগ পেয়েই তাই আবেদন করতে দেরি করেনি সৌদি আরব। কাতারের পর মধ্যপ্রাচের দেশ হিসেবে গ্রেটেস্ট শো অন আর্থের আয়োজন করতে চায় তারা। আর এরই মাঝে আশপাশ থেকে সমর্থন পেতেও শুরু করেছে।

বাংলাদেশ এবং মালদ্বীপ ফুটবল ফেডারেশন সৌদি আরবের ২০৩৪ সালের বিডের প্রতি সমর্থন জানিয়েছেন। ফেসবুক পোস্টে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের পক্ষ থেকে বলা হয়, ‘বাংলাদেশ ফুটবল ফেডারেশন ২০৩৪ সালের ফিফা বিশ্বকাপ আয়োজনে সৌদি আরব ফুটবল ফেডারেশনের বিডে পূর্ণ সমর্থন জানিয়েছে। একইভাবে বিবৃতির মাধ্যমে সমর্থন ব্যক্ত করেছে দক্ষিণ এশিয়ার প্রতিবেশী দেশ মালদ্বীপ।’

সূত্র: ইত্তেফাক

দুই রানের জয়ে সেমিফাইনালে বাংলাদেশ

এশিয়ান গেমস ক্রিকেটে কোয়ার্টার ফাইনালে মালয়েশিয়াকে দুই রানে হারিয়েছে বাংলাদেশ। বুধবার (৪ অক্টোবর) চীনের জিজিয়াং প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ক্রিকেট গ্রাউন্ডে টস জিতে ব্যাট করতে নামে বাংলাদেশ।

প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ১১৬ রান

সংগ্রহ করে সাইফ হাসানের দল। জবাবে ২০ ওভারে ৮ উইকেট হারিয়ে ১১৪ রান সংগ্রহ করতে সক্ষম হয় মালয়েশিয়া।

টস জিতে ব্যাট করতে নেমে শুরুতেই চরম ধাক্কা খায় বাংলাদেশ। দলীয় ৩ রানে ৩ উইকেট হারায় বাংলাদেশ। এরপর সাইফ হাসান ও আফিফ হোসেন মিলে শুরুর ধাক্কা সামাল দেওয়ার চেষ্টা করেন।

তবে দলীয় ৪১ রানে ১৪ বলে ২৩ রান করে আউট হন আফিফ। তার বিদায়ের পর ক্রিজে আসেন শাহাদত হোসেন। সাইফের সঙ্গে ৪৫ রানের জুটি গড়েন তিনি।

এরপর ক্রিজে আসা জাকের আলিকে সঙ্গে নিয়ে ইনিংস শেষ করে আসেন সাইফ। জাকের ১৪ বলে ১৪ ও সাইফ ৫২ বলে ৫০ রানে অপরাজিত থাকেন। মালয়েশিয়ার পক্ষে বিজয় পাভনদিপ সিং নেন ২টি উইকেট।

১১৭ রানের টার্গেটে ব্যাট করতে নেমে শুরুটান ভালো করতে পারেনি মালয়েশিয়া। দলীয় ৩৮ রানের মধ্যে চার ব্যাটারকে হারায় তারা। এরপরও নিয়মিত বিরতিতে উইকেট হারাতে থাকে মালয়েশিয়া।

দলের পক্ষে একাই লড়াই করেন ভিরান্দিপ সিং। ৩৯ বলে ৫২ রান করেন তিনি। শেষ পর্যন্ত নির্ধারিত ২০ ওভার শেষে ৮ উইকেট হারিয়ে ১১৪ রান করে মালয়েশিয়া। ফলে ২ রানের জয়ে শেষ চারে পা রাখে টাইগাররা।

সূত্র: ইত্তেফাক